



বিদেশে বাংলাদেশের মিশনগুলোতে রাষ্ট্রপতির ছবি সরানোর নির্দেশ



সংগৃহীত ছবি

বিদেশে অবস্থিত বাংলাদেশের সব কূটনৈতিক মিশন, কনস্যুলেট, কূটনীতিকদের অফিস ও সরকারি বাসভবন থেকে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের ছবি সরিয়ে ফেলতে নির্দেশ দিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। তবে নির্দেশটি লিখিতভাবে নয়, বরং টেলিফোনে কয়েকজন রাষ্ট্রদূত ও হাইকমিশনারকে জানানো হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

সূত্র বলছে, ঢাকা থেকে নির্দিষ্ট কিছু রাষ্ট্রদূতকে দায়িত্ব দেওয়া হয়েছে অঞ্চলভিত্তিক অন্য মিশনগুলোকে বিষয়টি জানাতে এবং বাস্তবায়ন তদারকি করতে। তবে এখন পর্যন্ত দক্ষিণ এশিয়া, আফ্রিকা ও ইউরোপের কয়েকটি মিশন এই নির্দেশনা হাতে পায়নি। বিপরীতে অন্তত দুটি মিশনের প্রধান নিশ্চিত করেছেন যে, তারা সরকারের নির্দেশনা পেয়েছেন।

একজন দায়িত্বশীল কূটনৈতিক নাম প্রকাশ না করার শর্তে জানান, রাষ্ট্রপতির ছবি সরানোর সিদ্ধান্ত টেলিফোনে জানানো হয়েছে। মন্ত্রণালয়ের পক্ষ থেকে কোনো চিঠি বা ই-মেইল পাঠানো হয়নি। নির্দেশনা বাস্তবায়নের পাশাপাশি সংশ্লিষ্ট রাষ্ট্রদূতরা অন্য মিশনকেও অবহিত করছেন।

আরেক কূটনৈতিক দাবি করেন, তাদের অঞ্চলের জন্য মনোনীত রাষ্ট্রদূত সরাসরি যোগাযোগ করেননি; বরং পাশের একটি মিশনের মাধ্যমে তারা বিষয়টি জানতে পেরেছেন।